

# Second India-EU Maritime Security Dialogue

February 01, 2022

## দ্বিতীয় ভারত-ইউরোপীয় ইউনিয়ন সামুদ্রিক নিরাপত্তা বিষয়ক আলোচনা

ফেব্রুয়ারি 01, 2022

ফেব্রুয়ারি 01, 2022 তারিখে ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন ভার্সুয়াল ফরম্যাটে তাদের দ্বিতীয় সামুদ্রিক নিরাপত্তা বিষয়ক আলোচনা অনুষ্ঠিত করেছে। আন্তর্জাতিক সামুদ্রিক নিরাপত্তা বিষয়ক সমস্যাগুলিকে মোকাবিলা করার জন্য আলোচনার মধ্যে অন্তর্ভুক্ত ছিল সামুদ্রিক নিরাপত্তার আবহের উন্নতি, ইন্দো-পেসিফিক সহযোগিতা এবং ভারতের ইন্দো-পেসিফিক মহাসাগরীয় উদ্যোগ, ভারত-ইইউ সামুদ্রিক সহযোগিতা ও আঞ্চলিক উদ্যোগের জন্য ইইউ-র কৌশলকে ঘিরে নীতি নির্ধারণ।

ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন, 2021 সালের গালফ অব ইডেনে তাদের সফল যৌথ নৌ মহড়ার পরে সামুদ্রিক ডোমেইনের ক্ষেত্রে সচেতনতা, ক্ষমতা নির্মাণ ও যৌথ মহড়া সহ সহযোগিতা নিয়ে আলোচনা করেছে।

ভারত এবং ইইউ ইন্দো-প্যাসিফিক অঞ্চলে একটি অবাধ, উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক এবং নিয়ম-ভিত্তিক সামুদ্রিক ব্যবস্থার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এবং বিশেষ করে সাগরের আইন সংক্রান্ত রাষ্ট্রসংঘ কনভেনশন (UNCLOS)-এর আন্তর্জাতিক আইন অনুযায়ী বিরোধের শান্তিপূর্ণ সমাধান, আঞ্চলিক অখণ্ডতা এবং সার্বভৌমত্ব, গণতন্ত্র, আইনের শাসন, নৌচলাচল এবং ওভারফ্লাইটের স্বাধীনতা, বাধাবিহীন আইনী বাণিজ্যের প্রতি শ্রদ্ধার দ্বারা প্রতিষ্ঠিত। , ,

বৈঠকটির সহ-সভাপতি ছিলেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিরস্ত্রীকরণ এবং আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক যুগ্ম সচিব সন্দীপ আর্য় এবং ইউরোপিয়ান এক্সটার্নাল অ্যাকশন সার্ভিসের নিরাপত্তা ও প্রতিরক্ষা নীতির পরিচালক মিস জোয়ানেকে বালফোর্ট।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.